দৈনিক ইত্তেফাক

তারিখ 10 JUL 1993
পৃষ্ঠা ... কলাম ...

## ডিগ্রী কলেজসমূহে ভর্তির সমস্যা

জাতীয় বিশ্ববিদ্যালয় গত ১৬-৬-৯৩ তারিখ হইতে উহার অধীনস্থ সমস্ত কলেজে স্নাতক (সম্মান) ও স্নাতক (পাস) কোর্সসমূহে ছাত্র-ছাত্রী ভর্তি বন্ধ করিয়া দিয়াছে। এদিকে চিকিৎসা মহাবিদ্যালয়সমূহে ভর্তি পরীক্ষার ফলাফল সম্প্রতি প্রকাশিত হইলেও রাজশাহী বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ও ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফলাফল এখনও প্রকাশিত হয় নাই। এই বিশ্ববিদ্যালয় ও চিকিৎসা মহাবিদ্যালয়গুলির ভর্তি পরীক্ষায় অকৃতকার্য ছাত্র-ছাত্রিগণ ভর্তির জন্য কোথায় যাইবে?

আশা ছিল জাতীয় বিশ্ববিদ্যালয় স্থাপনের ফলে আমাদের ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার সমস্যা দূর হইবে। এখন দেখিতেছি যে, লেখাপড়া করা দূরে থাকুক অনেক ছাত্র-ছাত্রী ডিগ্রী কলেজসমূহে ভর্তিও হইতে পারিতেছে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজসমূহে ভর্তির তারিখ বর্ধিত করিয়া সমস্যাটির সমাধান করা যাইতে পারে। উল্লেখ্য যে পূর্ববর্তী বছরগুলিতে সেপ্টেম্বর মাস পর্যন্ত ভর্তি হওয়া যাইত।

আমি একজন অভিভাবক হিসাবে সমস্যাটির প্রতি যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—আঃ খঃ মঃ রুহুল আমিন,
জয়দেবপুর, গাজীপুর।